# জেলা পরিষদ
## চট্টগ্রাম
zp.chattogram.gov.bd

নম্বর: ৪৬.৪২.১৫০০.০০০.০০১.৫৭.০০০৮.২৬.৭৬৭১

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০১ জুন ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি-০১/২০২৫-২০২৬

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং: ৪৬.০৪২.১১.০২.০০.০০২.১৪.৮২১ তারিখ: ০৬ মে ২০২৬-এর ছাড়পত্র মোতাবেক চট্টগ্রাম জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সাঁটলিপিকার-০১ জন | ১৩ গ্রেড (১১০০০-২৬৫৯০) | ১৮-৩২ বছর | ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>খ) ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।<br>গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য। |
| ২. | সার্ভেয়ার-০১ জন | ১৬ গ্রেড (৯৩০০-২২৪৯০) | ১৮-৩২ বছর | ক) সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা।<br>খ) ওয়ার্ড প্রসেসিং এবং বেসিক কম্পিউটার-এ দক্ষতা থাকতে হবে। |

**শর্তাবলী:**

০১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেহ আবেদন করার যোগ্য হবে না।

০২। খামের উপরে পদের নাম এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে;

০৩। নির্ধারিত আবেদন ফরমটি চট্টগ্রাম জেলা পরিষদের ওয়েবসাইট zp.chattogram.gov.bd হতে ডাউনলোড করা যাবে এবং অফিস চলাকালীন জেলা পরিষদ কার্যালয়ের ডেসপাস শাখা হতে সংগ্রহ করা যাবে;

০৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি;
খ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র;
গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);
ঘ) কোন ফৌজদারী মামলার চার্জশীটভুক্ত আসামীর আবেদন করার প্রয়োজন নাই;
ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ছায়ালিপি;

০৫। আবেদনকারীর বয়স ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০৬। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবিকৃত কোটা সমর্থনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে স্বাভাবিক প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৭। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনপত্রের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করে ৪″× ১০″ সাইজের ১০/- টাকা মূল্যের ডাক টিকিট লাগানো একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে;

০৮। চাকরির শর্তাবলী, বেতন-ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, ২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে;

০৯। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম বরাবরে আগামী ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০টার মধ্যে অফিস চলাকালীন জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

১০। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম-এর অনুকূলে তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে;

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে;

১২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক আবেদন করতে হবে;

১৩। শূন্য পদ পূরণে প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণসহ নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

১৪। প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

১৫। আবেদনপত্রে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে অসত্য/মিথ্যা প্রমাণিত হলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(চৌধুরী রওশন ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম
ও আহ্বায়ক
নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি

বাংলাদেশ প্রতিদিন

# জেলা পরিষদ
## গাজীপুর
www.zpgazipur.gov.bd

স্মারক নং: ৪৬.৪২.৩৩০০.০০০.০০১.০৯.০০৬৫.২৫.১৮৫ তারিখ: ২০.০৫.২০২৬ খ্রি.

# পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখার ০২.১১.২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.২৩৫৭ নম্বর স্মারকের ছাড়পত্র ও ১৪.০৫.২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.৮৯৫ নম্বর স্মারকে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আলোকে গাজীপুর জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে ২০১৫ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে শর্ত সাপেক্ষে গাজীপুর জেলা পরিষদের নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | হিসাবরক্ষক | ১১০০০-২৬৫৯০<br>গ্রেড : ১৩ | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ন্যূনতম ২য় শ্রেণীতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২ | বার্তাবাহক | ৮৫০০-২০৫৭০<br>গ্রেড : ১৯ | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০<br>গ্রেড : ২০ | ১৮-৩২ বছর | ০৩ (তিন)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী:**

১। আবেদন ফরম গাজীপুর জেলা পরিষদের ওয়েবসাইট (www.zpgazipur.gov.bd) এ পাওয়া যাবে। এছাড়া জেলা পরিষদ, গাজীপুর হতে নির্ধারিত তারিখের মধ্যে অফিস সময়ে সংগ্রহ করা যাবে।

২। আগ্রহী প্রার্থীদের আবেদন ফরমে বর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর" বরাবরে আগামী ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখ বিকেল ৪.০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং স্বাক্ষরবিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনকারীর বয়স ১৬/০৬/২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।

৪। সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটা সমর্থনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙ্গিন ছবি।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক স্বাক্ষরিত নাগরিক সনদপত্রের মূল কপি।

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীর সম্পর্কের প্রত্যয়নপত্র যা ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত হতে হবে।

(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি।

(চ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।

(ছ) আবেদনের সাথে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর এর অনুকূলে ক্রমিক নং ১ এর বিপরীতে বর্ণিত পদের জন্য ২০০/- টাকা এবং ক্রমিক নং ২ ও ৩ এর বিপরীতে বর্ণিত পদের জন্য ১০০/- টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ দাখিল করতে হবে।

(জ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়

৬। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী (নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা) কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৮। প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনপত্রের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করে ১০ x ৪ সাইজের ১০/- টাকা মূল্যের ডাকটিকেট লাগানো একটি আলাদা ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৯। প্রার্থীকে খামের উপর মোটা অক্ষরে পদের নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১০। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। সর্বশেষ সরকারি নিয়োগ বিধি মতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি/এ/ডি, এ দেয়া হবে না।

১৩। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১৪। নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে চাকুরীতে নিয়োগের পূর্বে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় অনুত্তীর্ণ/মাদকাসক্ত প্রমাণিত হলে তিনি নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে বা শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট/নাগরিকত্বের সনদ/কোন ধরনের সনদপত্র বা তথ্যাদি ভুয়া প্রমাণিত হলে অথবা চাকুরীতে নিয়োগের পরও পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে যে কোন সময় আবেদনকারীর আবেদনপত্র/ নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। চাকুরীর শর্তাবলী, বেতনভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংযোজন হলে তা অনুসরণ করা হবে।

১৮। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করতে পারবে। যে কোন সময় যে কোন আবেদন বা এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২০। ইতোমধ্যে উল্লিখিত পদসমূহে নিয়োগের জন্য দাখিলকৃত আবেদনপত্রসমূহ বিবেচনা করা হবে বিধায় তাদের পুনঃ আবেদন করার প্রয়োজন নেই।

২০.০৫.২০২৬

মোঃ নজরুল ইসলাম
(উপসচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাজীপুর
ও
আহ্বায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি
E-mail: gazipurzp@gmail.com

জিডি-৮৬৮/০৫/২৬ (১২''×৪)

# জেলা পরিষদ

## শরীয়তপুর।

www.zp.shariatpur.gov.bd

স্মারক নং-৪৬.৪২.৮৬০০.০০০.০১৪.০০.১৩.২০২৬-১১৫ — তারিখঃ ২৭ বৈশাখ ১৪৩৩ / ১০ মে ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখার) ২৭.০৪.২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.৭৪১ নম্বর স্মারকের ছাড়পত্রের আলোকে শরীয়তপুর জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০১৫ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | নিম্নমান-সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর | ০১টি | ৯৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজীতে প্রতি মিনিট ৪০ শব্দ এবং বাংলাতে প্রতি মিনিট ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালানোর প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে। |

**শর্তসমূহ**

০১। আগ্রহী প্রার্থীদের আবেদন ফরমে বর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক **"প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর"** বরাবরে আগামী ১১-০৬-২০২৬ খ্রিঃ তারিখ বিকেল ৪.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং স্বাক্ষরবিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

০২। আবেদনকারীর বয়স ১১-০৬-২০২৬ খ্রিঃ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে।

০৩। সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার বা বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটা সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/প্রশাসক/কর্তৃক স্বাক্ষরিত নাগরিক সনদপত্রের মূল কপি।

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে প্রমাণক প্রদত্ত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি।

(চ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।

(ছ) আবেদনের সাথে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে **"প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর** এর অনুকূলে বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ দাখিল করতে হবে।

(জ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।

০৫। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী (নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা) কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

০৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৭। প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করে ১০X৪ সাইজের ১০/-টাকা মূল্যের ডাকটিকেট লাগানো একটি আলাদা ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৮। প্রার্থীকে খামের উপর মোটা অক্ষরে পদের নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৯। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। সর্বশেষ সরকারি নিয়োগ বিধি মতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। লিখিত ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে বা শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট/নাগরিকত্বের সনদ/কোন ধরণের সনদপত্র বা তথ্যাদি ভুয়া প্রমাণিত হলে অথবা চাকুরীতে নিয়োগের পরও পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে যে কোন সময় আবেদনকারীর আবেদনপত্র/নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। চাকুরীর শর্তাবলী, বেতনভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ (সর্বশেষ ২০২৪ সালে সংশোধিত) অনুযায়ী নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধিবিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। জেলা পরিষদ আইন-২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল ও আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এবং এ সংক্রান্ত প্রযোজ্য বিধিবিধান অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ বেতন-ভাতাদিসহ পদের সাথে সম্পৃক্ত আর্থিক সুবিধা জেলা পরিষদ হতে প্রাপ্য হবেন।

১৪। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৫। নিয়োগ সম্পর্কে কোন জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করতে পারবে। যে কোন সময় যে কোন আবেদন বা এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
জেলা পরিষদ, শরীয়তপুর
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি।

GD-1089